

স্মারক নং-০৫.৪৫.৬১৭২.০১১.১৬.০০১.২৩-৬৪২

তারিখ : ০১ জ্যৈষ্ঠ ১৪৩০
১৫ মে ২০২৩


নিয়োগ বিজ্ঞপ্তি

ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহের গ্রাম পুলিশের জন্য পদসমূহ অস্থায়ীভাবে পূরণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাধীনে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রম নং	পদের নাম	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	পদ সংখ্যা	বয়সসীমা	বেতন কাঠামো	শিক্ষাগত যোগ্যতা
১.	মহল্লাদার	নান্দাইল	৫	০১ জন	১৮-৩০ বৎসর	সর্বসাকুল্যে মাসিক ৬,৫০০/= টাকা (৫০% সরকার ও ৫০% ইউপি)	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।
		চন্ডীপাশা	৬, ৯	০২ জন			
		গাংগাইল	২, ৩, ৯	০৩ জন			
		রাজগাতি	৩	০১ জন			
		আচারগাঁও	৯	০১ জন			
		চর বেতগৈর	২, ৩	০২ জন			

শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি ও বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) ও সর্বনিম্ন ওজন ৫০ কেজি হতে হবে। মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ও সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) ও সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে।
- আবেদনকারীকে যে কোন সরকারি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ এর অনুকূলে ৩০০/= (তিনশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- প্রার্থীকে উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল, ময়মনসিংহ বরাবর প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, জন্ম তারিখ, ০৬/০৬/২০২৩ তারিখে বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক আবেদনপত্র দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক নাগরিকত্বের সনদপত্র, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সদ্যতোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনি হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র ও বিধি মোতাবেক অন্যান্য কাগজপত্র দাখিল করতে হবে। মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে সাক্ষাৎকার/ নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- আবেদনপত্র আগামী ০৬/০৬/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন স্বশরীরে অথবা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- শূন্য পদের সংখ্যা কম/বেশি হতে পারে।
- আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিল এবং নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো সময় উক্ত নিয়োগ প্রক্রিয়া বাতিল/স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোহাম্মদ আবুল হানসুর)
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।
ফোন : ০২৯৯৬৬৭৪৬৩৩

ই-মেইলঃ unonandail@mopa.gov.bd

